# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd www.ebmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০/২৩৩ | তারিখ: ১০ অগ্রহায়ণ, ১৪২৬ / ২৫ নভেম্বর, ২০১৯

## ২০২০ সালে অনুষ্ঠেয় আলিম পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন আলিম পর্যায়ের সকল মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সালে অনুষ্ঠেয় আলিম পরীক্ষার আবেদন ফরম অন লাইনে পূরণ (**e-FF**) এবং প্রয়োজনীয় ফি এর TT জমা দেওয়ার সময়-সূচি ও নিয়মাবলি নিম্নরূপ ঃ

২. Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (Probable list) ১১/১২/২০১৯ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.bmeb.gov.bd) এ প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১২/১২/২০১৯ থেকে ২২/১২/২০১৯ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ সম্পন্ন করতে হবে:

(ক) প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে (**e-FF**) এ ক্লিক করে EIIN এ Password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক (✓) চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি Probable list এ টিক (✓) চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।

(গ) Temporary List Print করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/UnSelect করা যাবে।

(ঘ) এর পর T.T. Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোনো শাখায় T.T. Slip এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য T.T. Slip Print করলে আর কোন অবস্থাতেই Select/UnSelect করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে Final Candidate List প্রিন্ট Active হবে।

(চ) Final Candidate List Print করে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্যে থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে।

(জ) বিলম্ব ফি সহ ২৪/১২/২০১৯ হতে ৩১/১২/২০১৯ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ (e-FF) করা যাবে।

(ঝ) পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

**৩. ইলেক্ট্রনিক ফরম ফিলাপ (e-FF) এর কার্যক্রম ও পরীক্ষার ফি এর হার নিম্নে প্রদত্ত হলো:**

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের নিজ নিজ মাদ্রাসা প্রধান বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখঃ<br>**(নোট: যে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের আলিম পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ)- এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০১৯ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে আলিম পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়)।** | ২১/১১/২০১৯ |
| (খ) | নির্বাচনী পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের শেষ তারিখ: | ১০/১২/২০১৯ |
| (গ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের website- এ পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রদর্শনের তারিখ: | ১১/১২/২০১৯ |
| (ঘ) | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে বিলম্ব ফি ব্যতীত online এ ফরম (e-FF) পূরণ ও সোনালী ব্যাংক লিঃ থেকে TT স্লিপ বের করার তারিখ:<br>**উল্লেখ্য,** (১) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।<br>(২) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | ১২/১২/২০১৯ থেকে ২২/১২/২০১৯ |

| | | |
|---|---|---|
| (ঙ) | বিলম্ব ফি ছাড়া TT স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ: | ২৩/১২/২০১৯ |
| (চ) | পরীক্ষার্থী প্রতি বিলম্ব ফি ১০০.০০ (একশত) টাকা বিলম্ব ফিসহ online এ ফরম (e-FF) পূরণ ও TT স্লিপ বের করার তারিখ: | ২৪/১২/২০১৯ থেকে ৩১/১২/২০১৯ |
| (ছ) | বিলম্ব ফিসহ TT স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ: | ০২/০১/২০২০ |
| (জ) | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের website- এ পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রদর্শনের তারিখ www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd | ০৪/০১/২০২০ |
| (ঝ) | নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | |
| (ঞ) | **জেডিসি ও দাখিল পরীক্ষায় যে পাসওয়ার্ড ব্যবহার করা হয়েছে, সেই পাসওয়ার্ড দিয়েই আলিম পরীক্ষার ফরম পূরণ করতে হবে।** | |

৪. (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী এবং নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা আবেদন ফরম পূরণ করতে পারবে। তবে আংশিক বিষয়ের (এক/দুই বিষয়) পরীক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট বিষয়/বিষয় সমূহের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক নয়। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয় সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয় সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক-নির্বাচনী পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।

**(গ) আলিম পরীক্ষা-২০২০ অনুষ্ঠেয় সম্ভাব্য তারিখ : ০১/০৪/২০২০**

৫. **এক/দুই বিষয় পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত ঃ**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭ অথবা ২০১৮ অথবা ২০১৯ সালের আলিম পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২০ সালে অনুষ্ঠেয় আলিম পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০১৯ সালের আলিম পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২০ সালে এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে ফরম পূরণ (e-FF) এর পূর্বে ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা হারে রেজিস্ট্রেশন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ২০১৬ অথবা ২০১৭ অথবা ২০১৮ সালের আলিম পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৬ অথবা ২০১৭ অথবা ২০১৮ অথবা ২০১৯ সালের আলিম পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃংখলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৭, ২০১৮, ২০১৯ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারাও ২০২০ সালে সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬. **২০২০ সালের আলিম পরীক্ষায় চতুর্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত ঃ**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা-১০/৭ পরীক্ষা ২ গ্রেডিং)/২০০২/৬১০; তারিখ ঃ ০৪/০১/২০০৩ এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২০ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে চতুর্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

৭. **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত ঃ**

(ক) ২০১৫-২০১৬ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২০ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে আলিম পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য হয়েছে তারা ফরম পূরণ (e-FF) এর পূর্বে ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা হারে রেজিস্ট্রেশন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০২০ সালে ঐ এক বিষয়ের (চতুর্থ বিষয় ব্যতীত) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিষ্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল মাদ্রাসা প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৮. রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত ঃ

(ক) ২০১৯ সালের আলিম পরীক্ষায় যে সকল অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষা দিয়ে অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিষ্ট্রেশন নবায়ন করে ২০২০ সালের আলিম পরীক্ষায় একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের আলিম পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতীত) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারনে তারা ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০১৯ সালের রেজিষ্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০২০ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**বিঃ দ্রঃ- আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনোই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনোই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

৯. প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত ঃ

বিজ্ঞান বিভাগ আছে এমন কোন বিষয় নিয়ে কোন পরীক্ষার্থী প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১০. জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত ঃ

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের আলিম পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ আছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। তাদের নতুন করে রেজিস্ট্রশন করার প্রয়োজন নাই। তাদেরকে পূর্বের রেজিস্ট্রশন নম্বর উল্লেখ করতে হবে (মেয়াদ থাকলে)। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরের বছরেই আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ের পরীক্ষা দিয়ে ২০১৯ সালের আলিম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনোই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১১. পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত ঃ

সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২. ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো ঃ

| পরীক্ষার ধরণ | পরীক্ষার ফি (প্রতি পত্র/বিষয়) | ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | রিটেনশন (আর.পি) ফি (অনিয়মিত) পরীক্ষার্থীদের জন্য | অনুমিত/তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | -- | -- | ৫/- | ১৫/- |
| অনিয়মিত (যারা ইতোপূবে পরীক্ষায় অংশগ্রহণ করেছে) | ১০০/- | ২৫/- | ৫০/- | --- | ১০০/- | -- | ৫/- | ১৫/- |
| অনিয়মিত (যারা ইতোপূবে পরীক্ষায় অংশগ্রহণ করেনি) | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | ১০০/- | -- | ৫/- | ১৫/- |
| জিপিএ উন্নয়ন | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | -- | ১০০/- | ৫/- | ১৫/- |
| প্রাইভেট পরীক্ষা | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | -- | ১০০/- | ৫/- | ১৫/- |

১৩. ক) অন্যান্য ফি এর হার (যাদের জন্য প্রযোজ্য) ঃ

(i) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা।

(ii) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ১০০.০০ (একশত) টাকা।

খ) প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার ফি:

(i) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) ২০০.০০ (দুইশত) টাকা।

(ii) যেসব প্রাইভেট পরীক্ষার্থীর (যেমন: দৃষ্টি প্রতিবন্ধী, সেরিব্রাল পালসি জনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী, শিক্ষক, পুলিশ, মিলিটারী) নির্বাচনী পরীক্ষা নেই তাদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত) টাকা।

১৪. কেন্দ্র ফি সংক্রান্ত (আলিম পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) ঃ

(ক) আলিম পরীক্ষা কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) প্রতি পরীক্ষার্থী ৪০০.০০ (চারশত) টাকা। (প্রস্তাবিত বর্ধিত ৫০/- টাকা হতে ট্যাগ অফিসারদের সম্মানি প্রদান করতে হবে)।

(খ) আলিম পরীক্ষা কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) প্রতি পরীক্ষার্থী ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫.০০ (পঁচিশ) টাকা। (প্রস্তাবিত বর্ধিত ব্যবহারিক ৪৫০/- (চারশত পঞ্চাশ) হতে ৫০% ব্যবহারিক পরীক্ষার জন্য খরচ করতে হবে)।

(গ) আলিম পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি প্রতি পত্র ২০/- (বিশ) টাকা। এর মধ্যে অভ্যন্তরীণ পরীক্ষক পাবেন ১০/- (দশ) টাকা এবং বহিরাগত পরীক্ষক পাবেন ১০/- (দশ) টাকা।
*তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি ২০/- কেন্দ্র সচিব পাবেন পরীক্ষার্থী প্রতি ৭/- (সাত) এবং সংশ্লিষ্ট মাদ্রাসা পাবে ১৩/- (তের) টাকা।

বিঃ দ্রঃ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

১৫. পরীক্ষার ফি এবং ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলী সংক্রান্ত ঃ

(ক) পরীক্ষার ফি (বিলম্ব ফিসহ) নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা হিসাব নম্বর ৩৩০০১০৩৫ সোনালী ব্যাংক লিমিটেড, বিএমইবি শাখা, ঢাকায় টিটির মাধ্যমে প্রেরণ করতে হবে (কোন অবস্থাতে ডিডি গ্রহণ যোগ্য হবে না)।

(খ) Online এ ফরম (e-FF) পূরণের পর চূড়ান্ত পরীক্ষার্থীদের তালিকা (Final Candidates List) Download করে পরীক্ষার্থীদের এবং প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে প্রতিষ্ঠান প্রধান সংরক্ষন করবেন।

(গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(ঘ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষা ফি এর টিটি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

১৬. ২০২০ সালের আলিম পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত ঃ

সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | ৮০ - ১০০ | ৫.০০ |
| A | ৭০ - ৭৯ | ৪.০০ |
| A- | ৬০ - ৬৯ | ৩.৫০ |
| B | ৫০ - ৫৯ | ৩.০০ |
| C | ৪০ - ৪৯ | ২.০০ |
| D | ৩৩ - ৩৯ | ১.০০ |
| F | ০০ - ৩২ | ০.০০ |

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd www.ebmeb.gov.bd

১৭. অন্যান্য বিষয় সংক্রান্ত ঃ

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদ্রাসা বদলি ও অভিযুক্ত হবার কারণে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হলে, সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান দায়ী থাকবেন।

**(খ) যে সকল জেলা/উপজেলায় আলিম কেন্দ্র আছে সেই জেলা সদরে/উপজেলার মাদ্রাসার পরীক্ষার্থীরা কোনক্রমেই অন্য কোন জেলা সদরে/উপজেলার পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। স্ব-স্ব জেলা সদরে/উপজেলার কেন্দ্রে পরীক্ষা দিতে হবে।**

(গ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২০ সালের আলিম পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
**এই বিজ্ঞপ্তিটি বোর্ডের নিজস্ব ওয়েব সাইট (www.bmeb.gov.bd) এ পাওয়া যাবে।**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

25.11.19

মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২০২, ফ্যাক্সঃ ৫৮৬১৭৯০৮
E-mail: controller@bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০/২৩৩

তারিখ: ১০ অগ্রহায়ণ, ১৪২৬
২৫ নভেম্বর, ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ

১. সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল জেলা)।
৪. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চ.দা.), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (তাঁকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী পরিদর্শক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।
৯. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে নির্বাচনী পরীক্ষা সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত সকল আলিম মাদ্রাসা।
১১. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি।

মোঃ শাহাদৎ হোসেন মিয়া
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
(অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৯৬৭৫২৪৮